প্রদ্যোৎদা

প্রদ্যোৎদা

৩১.৮.১৯০৫ — ৩১.৮.২০০৫

শ্রীঅরবিন্দ ইনস্টিটিউট অফ কালচার
৩, রিজেন্ট পার্ক। কলকাতা ৭০০ ০৪০

PRADYOTDA — An anthology of writings on Shri Pradyot Kumar Bhattacharya

Published by Shri Ranjan Mitter
Sri Aurobindo Institute of Culture

প্রকাশ :
২ ফেব্রুয়ারি ২০০৬

প্রকাশক :
রঞ্জন মিত্র । কর্মসচিব। শ্রীঅরবিন্দ ইনস্টিটিউট অফকালচার
৩, রিজেন্ট পার্ক কলকাতা ৭০০ ০৪০

মুদ্রক :
অরিজিৎ কুমার । টেকনোপ্রিন্ট
৭ সৃষ্টিধর দত্ত লেন । কলকাতা ৭০০ ০০৬

TO, MY DEAREST DAD

On his centenary, First
loving Pranam to The Mother
with gratitude, love and
Deep regards with
loving Pranams to Dad.

Gargi
31.8.2005

সূচি

আমাদের Daddy
সলিলা ঘোষ 5

প্রদ্যোৎদা
মনুজেন্দ্রনাথ ঠাকুর 8

স্মৃতিচারণা
অমল সরকার 10

স্মরণে নয়, জীবনে
রঞ্জন মিত্র 12

Pradyot Kumar Bhattacharya (PKB)
R. Prabhakar 14

Remembering Daddy on His Centenary
Kanta 26

Extracts of Letters from Daddy to Rathindra **28**

Extracts of letters from Daddy to Joyadi **29**

আমাদের Daddy

সলিলা ঘোষ

আমাদের Daddy আজ শতবর্ষ পূর্ণ করলেন। আমরাও সকলে আনন্দে পরিপূর্ণ হলাম। শ্রীমা বোধহয় Daddy-কে আনন্দলোক থেকে এনেছিলেন আমাদের সকলকে আনন্দ দেবার জন্যেই । কত ভালোবাসা যে পেয়েছি তা প্রকাশ করার ক্ষমতা আমার নেই। একদিন Daddy- র বসার ঘরে আমরা সকলে যথা — গার্গী, কান্তা, জয়া , রাখী, খুকুদি, রথীনবাবু, সকলে বসে আছি। উনি মিঙ্কুদিকে বলেছেন গোলাপ ফুলে মালা দেখেছো । এরা হ'লো এক একটি গোলাপ ফুল, আমার গলার মালা।

কী যে একটা স্নেহাকর্ষণ ছিলো আমাদের প্রতি সেটাই বলবো। প্রতি মাসে কলকাতায় আসতেন কাজের জন্যে যেমন D.C.P.L. Electricity Board ইতাদির জন্যে। এসে Great Eastern Hotel-এ থাকতেন , আমরা দুজনে ভোর ছ'টায় ওঁর কাছে গিয়ে পৌছাতাম। একসঙ্গে চা খেতাম , প্রণাম করলেই আশীর্বাদ করতেন দীর্ঘজীবী হও। পরে যখন মা ওকে 'লক্ষ্মী হাউসে' থাকার ব্যবস্থা করলেন তখন আমরাও লক্ষ্মী হাউসে যেতাম। সে সময় অরুণদা (অরুণ ঠাকুর) লক্ষ্মী হাউসের দেখাশোনার দায়িত্বে ছিলেন। কী যে ভক্তি করতেন Daddy-কে তা বলার নয়। একটা ঘটনা যেমন আমরা 'লক্ষ্মী হাউসে' বারান্দায় বসে ওঁর সঙ্গে কথা বলছি , হঠাৎ অরুণদা উঠে গেলেন। একটু পরে কী দরকারে উনি বললেন অরণকে একবার ডাক তো, আমি গিয়ে দেখি উনি নিবিষ্ঠ মনে Daddy-র একজোড়া জুতো নিয়ে পালিশ করছেন। আমি ডাকছি হুঁশ নেই। কাজে মন এতই নিবিষ্ট। Daddy- বলতেন সাধন , ভারতী আমার ছেলে -বৌ আর আমরা সকলে ওঁর মেয়ে, রথীনবাবু ডাঃ ঘোষ জামাই আর নাতি তো ঐ একটাই বাবুয়া কী যে ভালোবাসতেন ওকে তা বলার নয়।

পন্ডিচেরীতে থাকাকালীন দুবেলা ওঁর সঙ্গে খেতে হবে কোনো ওজর আপত্তি চলতো না। খুব ভালোবাসতেন উওর — কলকাতার সন্দেশ খেতে। আমি যখন যেতাম বেশি করে নিয়ে যেতাম। নিজে যে কতটা খেতেন জানিনা কিন্তু যে আসবে তাকে ঐ সন্দেশ খেতে হবে।

কী ঘটা হতো ওঁর জন্মদিনে , কত লোক যে আসতো সারাদিনে, খাওয়া দাওয়া প্রচুর হতো।

সারাদিন গার্গী হিম্ সিম্ খেয়ে যেতো আমরাও অবশ্য ওকে একটু সাহায্য করতাম।

একবার কলকাতায় থাকাকালীন একটু অসুস্থ হয়ে পড়েছিলেন কিছুদিন 'সেবায়নে' ছিলেন, সে সময় সাধনদা, ভারতীদি, অজিতদা এবং আরও অনেকে ওঁকে দখতে আসতেন। জয়া প্রত্যহ রাত্রে ওঁর কাছে থাকতো।

একদিন অজিতদা ওঁকে দেখে ফিরে যাওয়ার সময় আমাকে বলছেন সলিলা তোমার Nursing Homeএ Radiate করছে। সত্যি কী যে আনন্দে আমরা ছিলাম তা বলার নয়। উনি সুস্থ হয়ে লক্ষ্মী হাউসে ফিরে যাওয়ার পরদিন মেট্রন আমাকে বলছেন নার্সিংহোমটা কী রকম যেন খালি হয়ে গেছে মনে হচ্ছে। অথচ সবই তো আমাদের ভর্তি। Dr. Sanyal-ও অসুস্থতার জন্য কিছুদিন 'সেবায়নে' ছিলেন সেসময়ও ঠিক এরকম মনে হয়েছিলো। এমনই এঁদের পরিব্যাপ্তি ছিলো।

এঁরাই হলেন স্থিতপ্রজ্ঞ. ধন্য 'সেবায়ন' ধন্য আমরা সকলে , যাঁরা ওঁকে এত কাছে পেয়েছিলাম।

কত যে স্মৃতি সবই আমার হৃদয়ের মণিকোঠায় পরিপূর্ণ হয়ে আছে, এক এক সময় যখন ঘটনা স্মৃতির পটে ভেসে ওঠে কী যে ভালো লাগে তা বলার নয়।

শ্রীমা যখন দেহ ছেড়ে দিলেন আমরা খবর পেয়েই সকলে চলে এলাম পন্ডিচেরী। ভারতীদি, সাধনদা, আরও অনেকে। এয়ারপোর্ট থেকে সোজা গাড়ি আশ্রমে না গিয়ে আমাদের ওঁর বাড়িতে নিয়ে গিয়ে তুললো, উনি সিঁড়িতে নেমে এসে দাঁড়িয়ে আছেন। হাসছেন। ভারতীদি কেঁদে উঠলেন, উনি বললেন একী তুমি কাঁদছো, কেন মা কোথায় গেছেন? নিজের হৃদয়মন্দিরে একবার চেয়ে দেখোতো ? তোমার হৃদয়সিংহাসনে বসে আছেন। অন্তর তোমার জ্যোতিতে পরিপূর্ণ, দেখ একবার। শেষ যে বার কলকাতায় যান ফেরার সময় আমাকে বলেছিলেন 'তুমি' আমার সঙ্গে চলো একবার কিন্তু, মা (শাশুড়িমা) আপত্তি করলেন বললেন এই তো তোমরা জন্মদিনে যাবে এখন যেও না। পরে সেই গেলাম উনি চলে যাওয়ার খবর পেয়ে। যে ঘরে ওঁর দেহ ছিলো সেই ঘরের যে কী অপূর্ব পরিবেশ ছিলো কী বলবো যেন একটা প্রশান্তিতে ঘরটা ভরে আছে।

আমরা দুজনেই ওঁর প্রত্যেক জন্মদিনে উপস্থিত থাকতাম এবং শ্রী মায়ের চরণে প্রণামী পাঠাবার সময় একটি করে প্রার্থনা ঐ সঙ্গে পাঠাতাম—তার মধ্যে কয়েকটি নীচে দিলাম।

আমরা এখানে এসে settle করার জন্যে ওঁর কাছে অনুমতি চেয়েছিলাম — উনি বললেন না তোমরা তো মায়ের সেবাই করছো , যেমন দর্শনের সময় এবং জন্মদিনে এখানে আসছো সেইরকমই আসবে। ১৯৭০ সালে 'অরুলীলা' য় আমরা গৃহপ্রবেশ করলাম , নলিনীদা open করলেন, ধ্যান এবং প্রসাদ বিতরন হলো। Daddy-ই এই বাড়ি করিয়েছিলেন — D.C.L.- কে দিয়ে Plan করেছিলেন- এই বাড়িটি দেখাশোনার দায়িত্ব উনি গার্গীর ওপর ভার দিয়েছিলেন। ১৯৯১ সাল থেকে আমরা কলকাতার পাট উঠিয়ে ওখানেই এসে চিরকালের জন্যে বসতি পেতেছি — এমন স্বর্গতুল্য জায়গা ছেড়ে কোথায় যাবো।

আমি একটু অসুস্থ হয়ে পড়ায় আমার গুরুভাইবোনেরা অনেকে বললেন চিন্তা করো না তুমি শিগগিরি ভালো হয়ে যাবে — আমি বললাম শ্রীমায়ের কোলে তো বসে আছি আমার আবার কিসের চিন্তা, এখন কেবল ভগবানের নাম গান করে আনন্দে থাকা। ভগবান নারদকে বলেছেন-

নাহং তিষ্ঠামি বৈকুন্ঠ যোগীনাং হৃদয়ে নচ
মদভক্তায়ত্র গায়ন্তি তত্র তিষ্ঠামী নারদ

ভগবান আরও বলেছেন -

অন্তকালে চমামেব স্মরণ মুক্তা কলেবরম
য: প্রয়তি সমদ্ভাবং যাতি নস্ত ঐ সংশয়

আমাদের Daddy তো মাময় হয়েই থাকতেন দেহান্তে তিনি শ্রীমায়ের সঙ্গে একাত্ম হয়ে মিশে আছেন সে বিষয়ে আমাদেরও কোনও সংশয় নেই।

আজকের এই শুভ দিনটিতে Daddy-র চরণে আমাদের শত সহস্র প্রণাম জানাই।

শ্রদ্ধায় পুলকে আজি
করি প্রণিপাত
কৃতজ্ঞতায় পরিপ্লুত
হৃদয় আমার ॥
পথ প্রদ্যোতিত করিতে মোদের
তব প্রতিভূ যে সদা প্রদীপ্ত
সে যে সদা প্রশান্ত, সদা প্রপন্ন
সদা প্রবৃত্ত তব প্রকীর্তিতে।

৩১শে আগস্ট ১৯৭৫

মাগো

তোমার চরণ প্রান্তে পৌঁছানোর জন্য
যে সেতু আমাদের জন্য তুমি বেঁধে দিয়েছো
যে দিশারীকে দিয়েছো তুমি পথ নির্দেশিতে
আজ ৩১ শে আগস্ট তাঁর শুভ জন্মদিনে
তোমার শ্রীচরণে আমাদের সমবেত প্রার্থনা জানাই
সেই তুমি -ময় মানুষটির জন্যে-
আমাদের জন্যে তাঁর পরিশ্রম যেন সার্থক হয়
এই প্রার্থনা তোমার শ্রীচরণে।

৩১ শে আগস্ট, ১৯৭৩

মাগো

যাঁর অপত্য স্নেহে
অকৃপণ পরিশ্রমে—
মোরা তোমারে জেনেছি
তোমারে চিনেছি
তোমারে পেয়েছি, হৃদয় মাঝে।
মোরা সমবেত হয়ে করি প্রার্থনা সবে
আজি তাঁর জন্মদিনের প্রাতে।
বারে বারে যেন, শতবার আসে—
এ শুভ দিনটি ফেরে—
তব কৃপাশীষ লয়ে শীতে।

৩১শে আগস্ট ১৯৭৪

প্রদ্যোৎদা

মনুজেন্দ্রনাথ ঠাকুর

এমন একটি ব্যক্তি সম্বন্ধে লিখতে বসেছি যাঁকে পরিমাপ করার ক্ষমতা আমার নেই। আজও নেই যখন তাঁকে দেখছি তিরিশ বছর আগে তখনও ছিল না। তবু এই বছর তাঁর জন্মশতবর্ষ — তাঁকে বিশেষভাবে স্মরণ করা ইচ্ছা জাগে। কারণ তিনিই শ্রীঅরবিন্দ ইনস্টিটিউট অফ কালচারের প্রাণপুরুষ।

এই প্রসঙ্গে আমি আরও একটু পিছিয়ে যেতে চাই। পঞ্চাশ -এর দশকে স্বর্গত অরুণ ঠাকুরের বালিগঞ্জের সুইনহো স্ট্রিটের বাড়ীতে শ্রীমার একটি centre ছিল- MOTHER'S CENTRE-সেই বাড়ির সামনের মাঠে March Past হত। শ্রীঅরবিন্দ আশ্রমের Play Ground -এর অনুসরণে। সেই

March Pastএ প্রদ্যোৎদা Flag-hoisting করতেন। উনি তখন কলকাতার বিখ্যাত গ্রেট ইস্টার্ন হোটেলে উঠতেন। পরবর্তীকালে ঐ MOTHER 'S CENTRE বন্ধ হয়ে যায়. কিন্তু শ্রীমার কর্মধারা বন্ধ হবার নয়। তা বয়ে চলে তার নিজের নিয়মমতো। যেন সমুদ্রের ঢেউ। অনবরত চলে। শ্রীমা বোধহয় বুঝেছিলেন যে তাঁর ঐ দুই কৃতী সন্তানকে তিনি অন্যভাবে গড়তে চান কোন প্রতিষ্ঠানের মধ্যমে। তাই ১৯৬৮ সালে জন্ম নেয় শ্রীঅরবিন্দ ইনস্টিটিউট অফ কালচার ৩, রিজেন্ট পার্কে। অরুণ ঠাকুর বলতেন ৩ তাঁর খুব প্রিয় সংখ্যা। ৩,সুইনহো স্ট্রিট থেকে ৩, রিজেন্ট পার্ক। তাঁর জন্মও মার্চ মাসে বছরের তৃতীয় মাস. তাঁর তিন ছেলে, অরূপ, জয়, বরুণ।

১৯৬৮ সালে আবার যাত্রা হলো শুরু। প্রদ্যোৎদা ও অরুণ ঠাকুর। অরুণ ঠাকুরকে মা থাকতে বললেন শ্রীমাকে উৎসর্গীকৃত ৩ , রিজেন্ট পার্কে। প্রদ্যোৎদাকে মা বললেন কলকাতায় গেলে গ্রেট ইস্টার্ন হোটেল না উঠে ঐ বাড়িতে উঠতে। এই দুই ব্যক্তিত্বের যুগলবন্দীর সুর যেন ভেসে ওঠে শ্রীঅরবিন্দ ইনস্টিটিউট অফ্ কালচারে। ঐখানে বসে ধ্যান করার সময় (বিশেষত দর্শনের দিনে) মাঝে মাঝে ঐ বাড়ি থেকে কোকিলের ডাক ভেসে আসে। পাখিটি যেন বলছে তোরা কে কোথায় আছিস্ এখানে আয় এই পবিত্রভূমিতে। সুইনহো স্ট্রীটের বাড়ির অপূর্ণ কাজ মা পূর্ণায়িত করলেন রিজেন্ট পার্কে মা-র নিজের বাড়িতে প্রদ্যোৎদাও অরুণ ঠাকুরের মাধ্যমে।

এর পরের ইতিহাস সবার জানা। জন্ম নিল স্কুল — অরুণ নার্সারি স্কুল। যে বীজ বপন হলো সেদিন তা মহীরুহে পরিণত হলো। স্কুল Affiliated হলো — Future Foundation স্কুল। এই স্কুলের Affiliated হওয়ার পেছনে প্রদ্যোৎদার ভূমিকা অনস্বীকার্য। তদানীন্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু পরিদর্শন করে গেলেন এই স্কুল।

আর একদিনের ঘটনা — মিটিং হচ্ছে শ্রীঅরবিন্দ ইনস্টিটিউট অফ কলচারে। কলকাতার কোনো একজন বিশিষ্ট নাগরিক মন্তব্য করছেন — আপনারা কী করতে চান এই বাড়িতে ? তিনি ছিলেন নৈরাশ্যবাদী। কারণ তখন এই Centre এতো বড়ো হয়নি। প্রদ্যোৎদা উওর দিলেন — 'যেটা করতে চাই সেটা হবে কিনা বলুন'- অর্থাৎ Positive Thinking -স্বামী বিবেকানন্দের কথা। প্রদ্যোৎদা পরবর্তীকালে Centre কে বড়ো করে তুললেন ছোট চারাগাছ থেকে। শ্রীমার স্বপ্ন সফল হলো প্রদ্যোৎদার মাধ্যমে।

West Bengal State Electricity Board, DCL, DVC ইত্যাদি প্রতিষ্ঠানের বহু প্রতিষ্ঠিত ইঞ্জিনিয়ার তাঁর কাছে আসতেন। ভগবানের মতো তাঁকে দেখতেন, অফিসের ব্যাপারে, পারিবারিক ব্যাপারে তাঁর পরামর্শ নিতেন, অনেক সমস্যার কথা বলতেন। প্রদ্যোৎদা খুব ধৈর্যসহকারে তাদের কথা শুনতেন, চেষ্টা করতেন তাদের উদ্বুদ্ধ করতে শ্রীঅরবিন্দ আশ্রমের আদর্শে।

সত্যি কথা বলতে প্রদ্যোৎদার সান্নিধ্যে এসে অনেকেই শ্রীঅরবিন্দ আশ্রমের ভক্ত হয়ে শ্রীমার আদর্শকে বিচ্ছুরিত করছেন চারপাশে। এই প্রসঙ্গ আমি বিশেষভাবে উল্লেখ করব — DCL -এর শ্রী সাধন দত্তের কথা। সাধনদা যেন প্রদ্যোৎদার মানসপুত্র। প্রদ্যোৎদা যেন সাধনদাকে গড়েছেন তাঁর নিজের মতো করে। প্রিন্স আনোয়ার শাহ্ রোডে শ্রীঅরবিন্দ সেবাকেন্দ্র সাধনদার সৃষ্টি-পেছনে রয়েছে প্রদ্যোৎদার আশীর্বাদ। প্রদ্যোৎদার দৈবিক স্পর্শ সাধনদাকে করছে আশ্রমমুখী। আর প্রদ্যোৎদার পিছনে রয়েছে শ্রীমার আশীর্বাদপুষ্ট হস্ত। প্রদ্যোৎদা সত্যি মায়ের ধারক, বাহক, আশ্রমের ট্রাস্টি বোর্ডের যোগ্য লোক।

পরবর্তীকালে জয়াদি, এবং বর্তমানে রঞ্জন, শ্যামলদা ইত্যাদি সবাই এই শ্রী অরবিন্দ, শ্রীমার কর্মধারাকে এগিয়ে নিয়ে চলেছে । এই চলার শেষ নেই । এঁরা কেউই ভবিষ্যতে থাকবে না, যেমন নেই প্রদ্যোৎদা, অরুণ ঠাকুর, জয়াদি, কিন্তু সমুদ্রের স্রোতের মতো এই কর্মধারা অনন্তের দিকে এগিয়ে যাবে, আমাদের পথ দেখাবে।

প্রদ্যোৎদার জন্মশতবর্ষে জানাই আমার সশ্রদ্ধ প্রণাম।

স্মৃতিচারণা

অমল সরকার

গঙ্গাজল দিয়ে গঙ্গাপূজা করার রীতি প্রচলিত আছে। পরমশ্রদ্ধেয় ড্যাডির কথা দিয়েই ড্যাডির প্রতি আমাদের শ্রদ্ধা, ভালোবাসা ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

প্রথম দেখা ১৯৭৫ সালের মে মাসের কুড়ি তারিখে কলকাতা বিমানবন্দরে। জয়াদি পরিচয় করিয়ে দিলেন। চমকে উঠলাম। ভাবলাম ইনি কে? মুগ্ধ হলাম এক সৌম্যদর্শন যোগীপুরুষকে দেখে, যাঁর শ্রীরামকৃষ্ণদেবের ভাষায় "চক্ষু ফ্যাল্-ফেলে, মন সর্বদাই স্বৈরেতে আত্মস্থ।" পরনে পরিপাটি সুযট-টাই। হাসিখানি দারুন মিষ্টি। মাথায় একরাশ ঘন রুপালি চুল. প্রথম দর্শনেই তিনি আমাদের আপন করে কাছে টেনে নিলেন। নিয়ে গেলেন মধ্যমগ্রামে এক সুন্দর গৃহে। গৃহ বললে ভুল হবে , নিয়ে গেলেন দেবালয়ে। অত্যন্ত শান্ত ও মনোরম পরিবেশে তাঁর সঙ্গে অনেক কথা হলো। সবশেষে ড্যাডি বললেন "দেখ বাপু, তুমি যদি তোমার ছেলেকে তোমার মনের মতো মানুষ করতে চাও, তাহলে তোমাকে নিজেই পথ দেখতে হবে। তোমার ছেলের সামনে আদর্শ রাখতে হবে। তোমার হয়ে অন্য কেউ তা করে দেবে না। আমি জিজ্ঞাসা করলাম "আমি কী করে এই দুরূহ কাজ করবো?" তার উওরে ড্যাডি বলেছিলেন — "চেষ্টা করছো ? চেষ্টা করে দ্যাখো। শ্রী মা'র

আশীর্বাদ দিচ্ছি।" এই বলে উনি আমাকে শ্রীমার ব্লেসিংস-প্যাকেট দিলেন ও আমার ছেলেকে শ্রীমার একটি সুন্দর ছবি দিলেন। সেই হলো সূচনা।

ওঁর কাছ যাবার বা থাকবার আমাদের বিন্দুমাত্র যোগ্যতা ছিল না। অথচ পরম স্নেহে তিনি আমাদের কাছে টেনে নিয়েছিলেন এবং অঝোরে ভালবাসা ও করুণা বর্ষণ করে গেছেন। ওঁর ভিতর ভিতর দিয়েই আমরা মার কৃপা ও করুণা পেতাম।

ড্যাডির জীবনে ব্রত ছিল আমাদের মার কাছে নিয়ে যাওয়া এবং সব সময় মার কাছাকাছি রাখা। প্রায়ই বলতেন "আমি ভগবান দেখেছি। তাঁর সঙ্গে কথা বলছি , তাঁকে স্পর্শ করেছি। শ্রীমাই হচ্ছেন ভগবান।" বলতেন, "তোমরা ভাগ্যবান। পৃথিবীতে এখন সত্যযুগের সূচনা হয়েছে। ভগবানের সহযোগিতা করো। বিরুদ্ধ শক্তি ধ্বংস হওয়ার আগে মরিয়া হয়ে উঠেছে। তাই চারিদিকে সারাবিশ্ব জুড়ে এই ভয়ঙ্কর অবস্থা। যারা শ্রীমাকে ধরে থাকবে, তারাই রক্ষা পাবে। নতুবা ধ্বংস অনিবার্য।"

কখনো ড্যাডিকে বক্তৃতা দিতে দেখিনি। তিনি আত্মপ্রচার পছন্দ করতেন না। যা বলতেন তা ঘরোয়া পরিবেশে নানা কথার মাঝে, হাসি ঠাট্টার মধ্যেই বলতেন বেশিরভাগ সময়। কিন্তু যে শুনতো সেই কথা, তার বিশ্বাস অতি অবশ্যই হতো এমনি ছিল তাঁর জোরালো বক্তব্য ও ব্যক্তিত্ব। বেশির ভাগ উদ্ধৃতি দিতেন তাঁর অতি প্রিয় গ্রন্থ শ্রী অরবিন্দের মহাকাব্য 'সাবিত্রী' থেকে আর শ্রীমায়ের নানা লেখা ও কথা থেকে। তাঁর মুখে "সাবিত্রী" পাঠ শুনে অনেকেই নিঃসন্দেহে উদ্দীপিত হয়েছেন এবং সেই স্মৃতি অনেকদিন স্মৃতিপটে জ্বলজ্বল করবে।

ড্যাডির কথা আমাকে গভীরভাবে প্রভাবিত করতো। কতো কথাই না বলছেন। সব কথা বলে শেষ করা যাবে না এই স্বল্প পরিসরে বা সময়ে। আগেই বলেছি যে, ওঁর কাজ ছিল আমাদের শ্রীমার কাছে নিয়ে যাওয়া, শ্রীমাকে ভালবাসতে শেখানো এবং শ্রীমার কাজে নিয়োজিত করা বলতেন "মাকে ভালোবাসতে শেখো। মাকে ভলোবাসলেই মা কাছে আসেন। মাকে পেলেই তোমাদের সব চাওয়া-পাওয়া শেষ হবে'" বলতেন, "Be an Aristocrat. Don't ask for anything from anyone including the Divine." বলতেন, "সব বসময়ে মা'র কথা মনে রাখবে, মার প্রতি বিশ্বাস রাখবে -unshakeable faith এবং প্রার্থনা করবে "LET THY WILL BE DONE". বলতেন "আমার ডাক্তার শ্রীমা, ওষুধ faith". Harmony র ওপর খুব জোর দিতেন. আমাদের মধ্যে Harmony র অভাব ওঁকে খুব পীড়া দিতো। উনি ছিলেন সুন্দরের উপাসক। যা কিছু স্থূল, কুৎসিত তা উনি অপছন্দ করতেন চেঁচামেচি, হৈ-হট্টগোল তিনি সহ্য করতে পারতেন না। কিন্তু কাউকে কখনো মনে আঘাত দিয়ে কথা বলতে শুনিনি। অনেক জিনিস ওঁর খাওয়া বারণ ছিল অসুস্থতার জন্যে। একদিন দেখি এমনি একটি বারণ করা জিনিস খেতে দেওয়া হয়েছে এবং উনি সেটি বিনা দ্বিধায় খেয়ে নিলেন। পরে যখন আমি বললাম, "ড্যাডি আপনার ওটা খাওয়া কি ঠিক হলো ?" উনি উওর দিলেন "দেখো ভালোবেসে আমাকে খেতে দিয়েছে, আমি না খেলে ও কষ্ট পাবে; কী করে না খাই বলো !" এমনি ছিল তাঁর কোমল মন ও মহানুভবতা। আমরা যারা ওঁর খুব কাছে আসার সৌভাগ্য লাভ করেছিলাম তারা ওঁকে বুঝতে না পেরে ওঁর প্রতি অনেক অবিচার করেছি।

ড্যাডির মধ্যে দিয়ে আমরা শ্রীমার পরশ পেয়েছি। শ্রীমা'কে এইরকম ভালোবাসতে ও বিশ্বাস করতে আমি খুব কম লোককে দেখেছি। উনি আমাদের নবজীবনের দীক্ষা দিয়েছেন, জীবন আনন্দময় করে তুলেছিলেন। তিনি যা চাইতেন, তা যদি আমরা পারি তা হলেই বোধ হয় ওঁর প্রতি আমরা শ্রদ্ধা ভালোবাসা ও কৃতজ্ঞতা জানাতে পারবো।

ওঁ আনন্দময়ী চৈতন্যময়ী সত্যময়ী পরমে।

স্মরণে নয়, জীবনে

রঞ্জন মিত্র

শ্রীঅরবিন্দ আশ্রম, পুডিচেরী দৈনন্দিন পরিচালনা করেন যে পাঁচজনের Board of Trustees, তারই অন্যতম Trustee প্রদ্যোতকুমার ভট্টাচার্য। Trustee শব্দের এই প্রসঙ্গে অর্থ বিশ্বস্ত সেবক- ভগবান যাঁকে বিশ্বাস করেছেন। প্রদ্যোতকুমার ভট্টাচার্য আবার শুধুমাএ Trustee নন, তিনি মায়ের মনোনীত Trustee.

প্রদ্যোতকুমার ভট্টাচার্য এই নামটি অত্যন্ত সশ্রদ্ধ ভালোবাসায় চিঠির খামের ওপর লেখা ছাড়া এই মহামানবকে আমি কিন্তু এই পরিচয়ে চিনতাম না। যাঁকে চিনি তিনি আমার বড়ো কাছের বড়ো আপন- আমার দাদু।

দাদু অবসর জিনিসটাই পছন্দ করতেন না। যে কয়েকটি ব্যাক্তিগত প্রার্থনার উওরে মা লিখেছিলেন Granted, তার অন্যতম ছিল যে চিরকাল যেন তিনি মায়ের সেবায় নিজেকে ব্যাপৃত রাখতে পারেন। রেখেছেন তাঁর পার্থিব শরীরের লীলার শেষ দিন অবধি — ২২শে নভেম্বর ১৯৮৪। আর আজ তিনি যেখানেই থাকুন, তিনি মায়ের সেবায় নিশ্চয়ই ব্যাপৃত। অবসর, ছুটি তাঁর পার্থিব জীবনে কখনও আসেনি, এখনও আসবে না। মায়ের পূর্ণাঙ্গ সিদ্ধিই যে তাঁর একমাত্র একান্ত কাম্য, তার আগে তো তাঁর ছুটি নেই।

দাদু আমাকে কেন কাউকেই "ভাষণ" দিতে ভালোবাসতেন না। লক্ষ্মী হাউসের নববর্ষের অনুষ্ঠানের ৫ মিনিটের স্বাগত ভাষণ কোনদিন ৬ মিনিটে গিয়ে ঠেকেনি। Good Morning কিম্বা Good evening এবং Thank you বলেই বহু ভাষণ শেষ করেছেন। কাউকে কিছু বলে শেখাননি, করে দেখিয়েছেন। আমাকে কিন্তু ছোটবেলায় একটি জিনিস বলে শিখিয়েছিলন। জীবনের উদ্দেশ্য — to serve the Divine. বলেছিলেন আমরা ভক্তি করতে পারি না, ধ্যান করতে পারি না, অনেক কিছুই পারি না কিন্তু ভগবানের সেবা এটা তো চেষ্টা করতে পারি।

দাদুর যে আরো একটি প্রার্থনায় মা Granted লিখেছিলন, সেটা মায়েরই Radha's Prayer। মা লিখেছেন :

"Every thought of my mind, each emotion of my heart, every movement of my being, every feeling, every sensation, each cell of my body, each drop of my blood, all, all is Yours, Yours absolutely, yours without reserve. You can decide my life or death, my happiness or my sorrow, my pleasure or pain. Whatever you do with me, whatever comes to me from you, will lead me to Divine Rapture."

আশ্রমের Trustee এবং লক্ষ্মী হাউসের Chairman হিসাবে দাদু করেছেন অনেক বিপরীত শক্তির সঙ্গে যুদ্ধ, মায়ের তিনি প্রতিনিধি যোদ্ধা। একবার ১০-১২ বছর আগে ছবির album -এ দাদুর ছবির পাশে মায়ের একটি উদ্ধৃতি লাগিয়েছিলাম, দাদুকে পরে দেখাতে কিছু বললেন না, হাসতে থাকলেন :

"Truth is a strenuous and difficult conquest. One must be a real warrior to make this conquest, a warrior who fears who fears nothing, neither enemies nor death, for with or against everybody,with or without a body, the struggle continues and will end with Victory."

দাদুকে অনেকে বলেছে ধ্যানের পদ্ধতি বলে দিতে। দাদুর উত্তর সংক্ষেপ, সহজ অথচ শক্ত, 'মাকে ভলোবসো' এও বলেছেন, ভালবাসব বললেই তো বাসা যায় না, ভালোবাসাও ভগবানের কাছেই প্রার্থনা করে চাইতে হয়।

ইঞ্জিনিয়ার হিসাবে দাদুর ভারতজোড়া খ্যাতি। অনেক উঁচু সাধনমার্গে বিচরণ করলেও অত্যন্ত বাস্তবঘেঁষা মানুষ। বৈজ্ঞানিক মানসিকতা। জীবনের শেষ দিন অবধি সক্রিয়ভাবে ইঞ্জিনিয়ারিং সমস্যার সমাধানে ব্যাপৃত থেকেছেন এবং ইঞ্জিনিয়ারিং পড়াশোনা করেছেন, কারিগরি সমস্ত প্রগতি সম্বন্ধে অবহিত থেকেছেন। শুধু তাই নয় প্রত্যেকটি ছোট-খাটো কাজকর্মে ছিল পদ্ধতি, ছিল ইংরেজিতে যাকে বলি love of detail. পরিচ্ছন্নতার প্রতি শুধু নজর ছিল বললে ভুল হয়, যে অপরিচ্ছন্নতা সকলের চোখ এড়িয়ে যেত, দাদুর চোখ কখনো এড়াতো না। আর কী সৌন্দর্যপ্রীতি! কী spirit of appreciation. প্রত্যেকটা ভালো জিনিসের তারিফ করার মধ্যেও যে একটা শ্লিপ আছে সেটা দাদুর মধ্যেই দেখেছি।

দাদু অত্যন্ত অল্প কথার মানুষ। কিন্তু মুখে যে হাসি চিরকাল দেখেছি তা হাসি নয়, যেন সদ্য প্রস্ফুটিত ফুল। নীরবতারও যে অপূর্ব ভাষা আছে তা দাদুর মধ্যে দেখেছি। অনেকক্ষন দাদুর কাছে নীরবে বসে থেকে আনন্দে ভরপুর থাকত চিত্ত, অকারণ কথার কোনো প্রয়োজন থাকত না।

আনন্দ, ভালোবাসার সাক্ষাৎ ভাবমূর্তি দাদু। আর আকুতোভয় চিত্ত। মায়ের সন্তান, (মা বলেছেন, ছবিও আছে। মায়ের বুকের সিংহ দাদু) যিনি পৃথিবীর এবং অন্তরীক্ষের কোনো কিছুকে ভয় পান না। তাঁর অন্তরে মনে এমনকী শরীরে নিরন্তর প্রকাশ পাচ্ছে মা থেকে উদ্ভূত অসীম শক্তি।

দাদুকে নিয়ে ফেনিয়ে সাহিত্য করব না কারণ সাহিত্যের ফেনানো কোনোদিন দাদু পছন্দ করতেন না বারবার আমাকে সে কথা বলেছেন. তবে কেনই বা লিখতে বসা ? এই কারণে যে দাদুকে সকলে স্মৃতির পাতায় ইতিহাসের খাতায় ভর্তি করতে চাইছে। মায়ের সিংহের এখনো ছুটি হয়নি। তিনি শুধু যে আমাদের সঙ্গে আছেন তাই নয়, দৃঢ় বিশ্বাস অল্প কিছুকালের মধ্যে তাঁকে মর্ত্যতনুতে দেখতে পাব। মনে পড়ছে মায়ের Hour of God -এর বজ্রনির্ঘোষ উচ্চারণ : Even if he seems to pass on the wings of the wind, he shall return. Nor let worldly prudence whisper too closely in thy ears. For it is the hour of the unexpected.

Pradyot Kumar Bhattacharya (PKB)

R. Prabhakar

All rivers big and small finally make it to the Ocean. This is the story of one such river that sprung up somewhere in Chottogram, coursed through many a distant land to merge into the Ocean at Pondicherry. Pradyot was that river. He would be a 100 years this year (2005).

As “chance”- at least that that is the term we use very casually — or as I suspect deeper causes and plans afoot long ago — would have it, another river bubbled up from the same area near Chottogram, meandered its way also through distant lands to arrive at the same estuary, to the same Ocean. This river is Nirodda — already a centurion. He is the scribe of our Lord, Sri Aurobindo. I speak of him, for his mightier pen has already recounted the story of Pradyot. Mine is only a retelling — I think such “stories” need to be retold. It is an attempt at paying tribute to Pradyotda for all he achieved and all he stood for. He was a willing instrument of the Mother on whom she wielded Her will.

Pradyotda was born on the 31st of August in the year 1905, in the Eastern parts of Bengal near Chottogram. He was from a well to do family consisting of father, mother, two elder brothers and Pradyot bringing up the rear (last but not least. In fact he was the “most”). The father was a very fine, understanding and kind man ready to help anyone. He was a worshipper of Kali — two traits passed on in good measure to his son P. The mother was...well a “mother” to all who came under “husband’s wing”. “The dawn shows the day” it is said — so it was with young P. (The meaning may be more clear as we proceed with the story).

P was an intelligent child and usually stood at the head of his class. In 1915, P was enrolled in the Govt. School at Chottogram. By “Chance” another young boy was also admitted in the same school, same class. He hailed from the rural areas with a more simple background, more inclined (than P) to sports. This boy was our Nirodda. So the two structures of their lives came together then (1915), went apart, confluenced often, and finally arrived at a common estuary one day to mingle with the ocean.

The colour of the “dawn” may be interesting and indicative. P’s father, though supposed to be an orthodox Brahmin, proved himself to be quite the opposite. He had a large open mind backed by an equally large heart. He took over the priest’s role when in a marriage ‘the (officitating) brahmin refused to play his role because the bridegroom had crossed “Kala Pani”

(i.e. the sea, to reach foreign lands). He did not fuss even when his son Pradyot took a Christian girl as wife. Her name was Rani. Again when Pradyot, due to unavoidable circumstances, brought a Muslim boy to his uncle's house during a 'yagna' there was no brahmanical storm raised. (Uncle too had a liberated mind). They considered a guest to be Narayana-and served him food. No wonder then Pradyot turned out to be what he was — we will see as we get along.

The two young boys Nirod & Pradyot studied together upto Matriculation and Intermediate, then went their different ways. Then again that 'chance' stepped in to wax their future steps in a suitable direction. Thus both, independently, thought of going ahead.

N. had not the means. His father was no more -but as he says this quixotic idea took hold of him. His niece was all set to go to England, but there was no escort for her. So N's guardian, i.e. the niece's father agreed to send N along with her (quite a 'chance')

P too had his difficulty. He had to have the help of a Tantric to get round his father and have his permission to go, cross the "Kala Pani". The two friends did not have an easy time over there, but they got through (The proverbial Scottish tight- fistedness had to be faced too). There came along another "chance" intervention. Dilip Kumar Roy went on a visit to Edinburgh and was once hosted by the two friends. Dilip K. Roy talked to them of Sri Aurobindo, and the interview he had with Sri Aurobindo. There and then was sown the seed of their Future. From that moment their lives were 'stamped and sealed' — by a Divine decree. (Was it only at that moment? OR….?). They both returned to India after concluding their studies (N in Medicine & P in Engineering). There was then another parting of ways.

Pradyot had to settle for a non-Government job as he was under a cloud in the British eyes, having participated in the Swadeshi movement. He settled for a job with TATA's in Jamshedpur for a salary of Rs 200/- per month. But he was meant for greater things (in the professional field). He rose by dint of his diligence, sincerity and an obviously brilliant mind capable of grasping and solving technical problems. To top all this, he had an innate understanding of ordinary human problems and developed a fraternal and later a paternal relationship with those around him — subordinates included. These qualities — academic and the 'living' ones — served him all the way, right to the top. He became the Chief Engineer at TISCO.

Nirodda had by now settled in the Ashram. He wrote to Pradyot to come to have the Darshan of the Mother and Sri Aurobindo. N kept trying to 'woo' P to turn towards them. He started by telling P to make a monthly offering to the Ashram, which P did but showed no deeper interest. Nirodda wrote to Sri Aurobindo "Is there any use communicating with him?" Sri Aurobindo replied : "I don't know; some people say that everything one does in this world is of some use or the other, known or unknown. Otherwise it wouldn't be done." Then something in P woke up, goaded him. He even wrote a Bengali poem to Sri Aurobindo for His perusal.- He commented "It has an obvious Tagorean influence as you say, but otherwise quite good". No

more poetry followed but P himself came, and when for the first time P stood in front of the Mother and Sri Aurobindo, he stood still too long, could not move away. Sri Aurobindo had to make a sign to set him moving.

There is a preceding episode or story that set me thinking if this was the first Darshan P had of the Mother ! Once P was taken along with the others of his family to Benares. He was not very keen, but he could not displease the father. He did not like the outward “rituals” gone through by most people. He went, but thought enough was enough and sat outside in the temple courtyard leaning against Shiva’s (Vishwanath) bull- Nandi, reading a newspaper. Then there appeared in front of him, a fair complexioned lady, just emerged from a Ganga-snan (bath in Ganga) clad in a white red-bordered sari, holding a ‘kamandalu’ (a small kettle-like pot carried by Sadhus). She stopped in front of P and said in a gentle but undisobeyable voice. “My son, take me to the temple”. P. somewhat startled : “Are you asking me? I am new here. You could ask someone else”. The lady persisted : “No, it is you I want.” Being a gentlemen, that too a Western trained one, P get up and entered the temple. Since he was in, he thought : “Might as well complete the job.” and lowered himself for a quick ‘pranam’. (What will the others say? was also a thought). When he looked up and around for the lady, she was nowhere! Years later when he recounted the incident to the Mother, she just smiled. P realised he had looked in vain “outside”. Maybe he should have looked inside.

Pradyotda’s visit to the Ashram became more frequent. He had some years back married the Christian girl Rani. She was by all accounts a gentle, sweet lady, cultured and motherly. (More about her later).

On one of P.’s visit to the Ashram, he caught Nirodda by surprise with a strange request. He said: “I want to exchange my pen with one of Sri Aurobindo’’s — one which He has used!” N hesitantly said “Well, I will ask the Mother.” Fortunate P- the Mother answered his prayer — he got the precious pen. By and by Pradyot’s contact with the Mother increased. He proved to be very receptive to Her, wonderful material for Her moulding — Plasticity is the word.

Pradyot changed his work — from Jamshedpur he went to Calcutta. Dr. B.C.Roy,then Chief Minister of West Bengal, recommended and had him appointed as Chief Engineer of West Bengal Electricity Development Directorate. This was in 1948. Till then a secret dossier (black book) on patriotic people kept by the British stood against him. But now it proved to be as Sri Aurobindo remarked : “That seems to be a qualification now”. He soon brought big changes in the Dept. As he was in Calcutta he came into contact with Pathmandir (run by some disciples of Sri Aurobindo). There too, as was his wont, he brought in great changes and order as its Vice-President. (Dr. Sanyal was its President. Later Pradyot became the President).

The DVC (Damodar Valley Corporation), a huge project, was started. Again Dr. B.C. Roy proposed Pradyot for the post of Chief Electrical Engineer. Now it was nearly a habit that whenever Pradyotda went, order and excellence prevailed. The biggest Power Plant in S.E.

Asia, the Bokaro Thermal Power Project, with very sophisticated technology, was part of this project. It was again P's magic touch that made possible such a creation. When Pandit Nehru went to inaugurate the Power House on 21st Feb, 1953 he exclaimed that it was beyond his imagination. Was the date of inauguration a coincidence?

Pradyoda was by now caught in the Mother's Gravitational Field.He could not escape. He consulted her every so often, sought her advice in many of his professional matters. On one such occasion the Mother was too busy. So she asked Nirodda to bring him to the Tennis Court with his papers. After a game, she sat on a chair near the baseline, with P. sitting at Her feet, the interview was on. The game had to stop. She saw a short movie of the Bokaro Power House the next day, with P's commentary.

Pradyotda consulted the Mother on matters of professional interest. Why? He knew that "matter" is not only matter. The engineers needed to drive in poles on the banks of the Ganga for some Electrical Project. They failed, as water gushed in and/or the banks gave way. They appealed to the Mother. She asked P : "Who are these people? Do they believe in the gods ? Have they worshipped Ganga Devi before they ventured on this Project? However, take this stone with you. Throw it into the water without anyone perceiving it." P did as told and all was well. A project was being planned, that would take P to France. He was ready, but sought the Mother's approval. She exclaimed, "Oh! he wants to go to France!" P. felt a note of disapproval in Her semi query. He cancelled his trip to France. She later explained the cause of Her disapproval. She said that it entails a lot of inner work for Her to protect the person against subtle influences of the dark forces which he would not be aware. He would have lost much of the spiritual refinement that he had received!

Pradyotda was yearning to come to the Ashram to do to the Mother's work. But at that point of time She said : "Who says you are not doing my work?" She commented aside, "What work befitting his position can I give him here?" A few years later she called both Dr. Sanyal and Pradyotda to the Ashram. They left friends, colleagues and position and came over to Her forces. The friends were bewildered. Dr. B.C.Roy had a hard time answering questions in the Assembly. He finally convinced them that there was nothing he could do- P was going to serve the Mother of Pondicherry Ashram. So commences Pradyotda's "Ashram Chapter".

The following is part of an interesting text written by Mr. C.D. Ayyar. He was one of Pradyotda's subordinates in DVC- a Superintending Engineer. Mr. Ayyar came out successful from the interview that landed him the job. He commented then that the most tricky and intelligent questions came from one handsome young man- who, he knew later, was Pradyot Kumar Bhattacharya (PKB). Mr. Ayyar served 33 fruitful years under PKB "till the Mother took him away."

Mr. Ayyar says that initially they could not understand him. Once they went in a batch to "have it out" with him. But they come out charmed and convinced by his explanations. From

then on they were only too glad to comply and collaborate. They knew PKB would never let them down, would shoulder the responsibility and/or blame. He says : “that was the golden era of DVC.” He even asserts that it was The Mother who took PKB to DVC and it is Her Grace that often made possible the impossible. Some of them bought books like Life Divine, Essays on the Gita, Synthesis of Yoga etc. but often found them beyond their comprehension. One day Mr. Ayyar visited PKB at his residence. PKB was reading Savitri. He told Ayyar also to read the book. Ayyar tried a few pages, but found the going tough. He said so to PKB — who told him to read on. That understanding is not necessary- it will come later.

